

# পরিশিষ্ট

## মুরাতরি-র পাণ্ডুলিপি-খণ্ড

### খণ্ডের পরিচিতি

মুরাতরি-র পাণ্ডুলিপি-খণ্ড বলে পরিচিত লেখাটি হল সবচেয়ে প্রাচীন নবসন্ধির পুস্তকগুলোর তালিকা। লুদভিকো আন্তনিও মুরাতরি-ই মিলানের আন্সোজীয় পুস্তকালয়ের এক পাণ্ডুলিপির মধ্যে খণ্ডটিকে আবিষ্কার করে তা ১৭৪০ সালে প্রকাশ করেন।

লেখাটা ‘পাণ্ডুলিপি-খণ্ড’ বলেই পরিচিত যেহেতু তার প্রথম পংক্তিগুলোও নেই, তার শেষ অংশও নেই। যে পাণ্ডুলিপিতে খণ্ডটি অন্তর্ভুক্ত, সেই পাণ্ডুলিপি যদিও ৭ম শতাব্দীতেই কোপি করা হয়েছিল, তবু খণ্ডের তালিকাটা ১৭০ সালের লেখা বলেই গ্রহণযোগ্য, কেননা তালিকার রচয়িতা এমন পিউসেরই নাম উল্লেখ করেন যিনি “সম্প্রতিকালে” রোম মন্ডলীর বিশপ হয়েছিলেন; আর যেহেতু ইতিহাসের কথা অনুসারে রোমের বিশপ পিউস ১৫৭ সালে মারা গেছিলেন, সেজন্য উপরে প্রস্তাবিত তারিখ (১৭০ সাল) সকল শাস্ত্রবিদগণের সমর্থন অর্জন করে।

খণ্ডটির ভাষা অধিক অশুদ্ধই লাতিন ভাষা। তাতে শাস্ত্রবিদগণ অনুমান করেন প্রকৃত তালিকা গ্রীক ভাষায় সঙ্কলিত ছিল। পরবর্তীকালে তা লাতিন ভাষায় অনূদিত হল এমন একজন অনুবাদক দ্বারা লাতিন ভাষায় যাঁর অধিকার নগণ্য।

লেখাটি দ্বিতীয় শতাব্দীর প্রথম অর্ধেকাংশের নয় বিধায় তা মন্ডলীর পিতৃগণের লেখাগুলোর মধ্যে স্থান পায় না। কিন্তু তবুও তার গুরুত্ব অনস্বীকার্য বলে এই পুস্তকে অন্তর্ভুক্ত হল।

পরবর্তী বাম পৃষ্ঠাগুলোতে তালিকাটি লাতিন ভাষায়, এবং ডান পৃষ্ঠাগুলোতে তার বাংলা অনুবাদ দেওয়া হয়।

## পংক্তি

1. ...quibus tamen interfuit et ita posuit
2. tertio evangelii librum secundo lucan
3. lucas iste medicus post ascensum Xpi
4. cum eo paulus quasi ut juris studiosum
5. secundum adsumsisset numeni suo
6. ex opinione conscripset dnm tamen nec ipse
7. vidit in carne et ide prout asequi potuit
8. ita et ad nativitate iohannis incipet dicere.
9. quarti evangeliorum iohannis ex decipolis.
10. cohortantibus condiscipulis et eps suis
11. dixit conieunate mihi odie triduo et quid
12. cuique fuerit revelatum alterutrum
13. nobis ennarremus eadem nocte reve
14. latum andreae ex apostolis ut recognis
15. centibus cuntis iohannis suo nomine
16. cuncta describeret et ideo licet varia sin
17. culis evangeliorum libris principia
18. doceantur nihil tamen differt creden
19. tium fidei cum uno ac principali spu de
20. clarata sint in omnibus omnia de nativi
21. tate de passione de resurrectione
22. de conversatione cum decipulis suis
23. ac de gemino eius adventu
24. primo in humilitate dispectus quod fo

পংক্তি

- (১) ... যে ঘটনাগুলোতে তিনি তবুও উপস্থিত ছিলেন।<sup>(ক)</sup>  
আর তাই তিনি [সেই ঘটনাগুলো নিজের বর্ণনায়] স্থান দিলেন।
- (২) তৃতীয় সুসমাচার-পুস্তক হল লুক-রচিত সুসমাচার।
- (৩) চিকিৎসক এই লুক খ্রীষ্টের স্বর্গারোহণের পর
- (৪-৫) যখন পল তাঁকে বিধানের আগ্রহী ব্যক্তি বলেই নিজের সঙ্গে নিলেন
- (৬) তখন—[সর্বসাধারণের] মত অনুসারে—সেই সুসমাচার তাঁর নিজের নামে রচনা করলেন। অথচ তিনি নিজে যে
- (৭) প্রভুকে তাঁর মাৎসময় অবস্থায় দেখেছিলেন এমন নয়। তাই যেভাবে তিনি ঘটনাগুলো সত্যশ্রয়ী বলে নির্ণয় করতে পারতেন,
- (৮) ঠিক সেই অনুসারেই যোহনের জন্ম থেকে বর্ণনাটি শুরু করেন।
- (৯) সুসমাচারগুলোর যেটি চতুর্থ, সেটি হল যোহনের, যিনি শিষ্যদের একজন।
- (১০) তাঁর সহশিষ্যেরা ও বিশপগণ [কিছু লিখবার জন্য] তাঁকে সনির্বন্ধ আবেদন জানালে তাঁদের
- (১১) তিনি বললেন, ‘আজ থেকে আমার সঙ্গে তিন দিন ধরে উপবাস কর, আর যা-কিছু
- (১২) এক একজনের কাছে [ঈশ্বর দ্বারা] প্রকাশিত হবে,
- (১৩) আমরা নিজেদের মধ্যে একে অপরের কাছে তার বিবরণ দেব।’  
ঠিক সেই রাতে
- (১৪) প্রেরিতদূতগণের একজন সেই আন্দ্রিয়ের কাছে একথা প্রকাশিত হল যে,
- (১৫-১৬) সকলের স্বীকৃতি-ক্রমে যোহন সবকিছু নিজের নামে বর্ণনা করবেন।  
সুতরাং যদিও নানা ধরনের
- (১৭) বিষয় এক একটি সুসমাচার-পুস্তকে শেখানো হয়,
- (১৮) তথাপি এতে বিশ্বাসীদের বিশ্বাস-ক্ষেত্রে কোনও ব্যাঘাত হয় না,
- (১৯) কেননা সেই অনন্য প্রধান [পবিত্র] আত্মা দ্বারা সবকিছুই
- (২০) সকল [সুসমাচার-] পুস্তকে ঘোষণা করা হয়েছে, তথা :
- (২১) [প্রভুর] জন্ম, যন্ত্রণাভোগ, পুনরুত্থান,
- (২২) আপন শিষ্যদের সঙ্গে [প্রভুর] জীবনধারণ
- (২৩) এবং তাঁর দ্বিবিধ আগমন, তথা :
- (২৪) দীনতায় সেই প্রথম আগমন যা ইতিমধ্যে ঘটেছে—তেমন আগমনে তিনি অবজ্ঞাতই হলেন ;

(ক) প্রথম পংক্তির আগেকার কোনও লেখা না থাকায় এর অর্থ এটি হতে পারে যে, মার্ক নিজের লেখা সুসমাচারের ঘটনাগুলোর ক্রম-বিন্যাস পিতরেরই নির্দেশ-মত সাজালেন যেহেতু পিতর সেই ঘটনাগুলোর প্রত্যক্ষ সাক্ষী হয়েছিলেন।

25. it secundum potestate regali ... pre  
 26. clarum quod futurum est quid ergo  
 27. mirum si iohannes tam constanter  
 28. singula etiam in epistulis suis proferam  
 29. dicens in semeipso quae vidimus oculis  
 30. nostris et auribus audivimus et manus  
 31. nostrae palpaverunt haec scripsimus vobis  
 32. sic enim non solum visurem sed et auditorem  
 33. sed et scriptore omnium mirabilium domini per ordi  
 34. nem profertur acta autem omnium apostolorum  
 35. sub uno libro scripta sunt lucas obtime theofi  
 36. le comprindit quia sub praesentia eius singula  
 37. gerebantur sicuti et semote passione petri  
 38. evidenter declarat sed et profectio pauli ab ur  
 39. be ad spania proficiscentis epistulae autem  
 40. pauli quae a quo loco vel qua ex causa directe  
 41. sint volentibus intellegere ipse declarat  
 42. primu omnium corintheis scysmae heresis in  
 43. terdicens deinceps b callaetis circumcissione  
 44. romanis autem ordine scripturarum sed et  
 45. principium earum ... esse Xpm intimans  
 46. prolexius scripsit de quibus singulis neces

- (২৫) রাজ-অধিকারে সেই দ্বিতীয় আগমন  
 (২৬) যা এখনও ভবিষ্যতের বিষয়। অতএব এতে  
 (২৭) আশ্চর্যের কী বা আছে যখন যোহন অবিরতই  
 (২৮) এই বিশেষ বিশেষ বিষয়গুলি তাঁর নিজের পত্রগুলোতেও উল্লেখ করেন  
 (২৯) যখন নিজের বিষয়ে বলেন : ‘আমরা যা নিজেদের চোখে দেখেছি  
 (৩০) ও কানে শুনেছি, এবং আমাদের হাত যা যা  
 (৩১) স্পর্শ করেছে, তা-ই আমরা তোমাদের কাছে লিখেছি!’<sup>(ক)</sup>  
 (৩২) কেননা এভাবে তিনি [নিজেকে] প্রত্যক্ষ-দর্শী ও শ্রোতা শুধু নয়,  
 (৩৩) ঘটনাগুলোর অনুক্রম অনুসারে প্রভুর সমস্ত আশ্চর্য কার্যকলাপের  
 রচয়িতা বলেও  
 (৩৪) [নিজেকে] উপস্থাপন করেন।  
 তাছাড়া সকল প্রেরিতদূতের ক্রিয়াকলাপ [শিষ্যচরিত]  
 (৩৫) অনন্য এক পুস্তকে লেখা হল।  
 ‘মহামান্য থেওফিল’<sup>(খ)</sup>-এর জন্য লুক  
 (৩৬) সেই সমস্ত ঘটনার সঙ্কলন করলেন যেগুলো তাঁর নিজের উপস্থিতিতেই  
 ঘটেছিল ;  
 (৩৭) কথাটা এতেই তিনি স্পষ্টভাবে প্রমাণিত করেন যেহেতু পিতরের  
 সাক্ষ্যমরণের কথা উল্লেখ করেন না,  
 (৩৮-৩৯ক) স্পেনে যাবার জন্য [রোম]<sup>(গ)</sup> নগরী থেকে পলের চলে যাওয়ার কথাও  
 উল্লেখ করেন না।  
 (৩৯খ) পলের পত্রাবলির ব্যাপারে,  
 (৪০-৪১) যারা বুঝতে বাসনা করে পত্রগুলো নিজ থেকেই তাদের কাছে স্পষ্টভাবে  
 ব্যক্ত করে এক একটা পত্রের পরিচয়, কোথা থেকে এক একটা পত্র  
 পাঠানো হল ও কোন কোন কারণে পাঠানো হল।  
 (৪২) সর্বপ্রথমে : করিন্থীয়দের কাছে পত্র, যা করিন্থীয়দের নানা ভ্রান্তিজনক  
 বিচ্ছেদ নিষেধ করে ;  
 (৪৩) তারপর : গালাতীয়দের কাছে পত্র, যা পরিচ্ছেদন সংক্রান্ত ;  
 (৪৪-৪৬) তারপর : রোমীয়দের কাছে তিনি যথেষ্ট দীর্ঘ একটি পত্র লিখলেন  
 শাস্ত্রের ক্রম-বিন্যাস (কিংবা উদ্দেশ্য) ফুটিয়ে তোলার জন্য, এবং  
 একথাও বুঝাবার জন্য যে খ্রীষ্টই শাস্ত্রের প্রধান বিষয়বস্তু।  
 আমাদের পক্ষে

(ক) ১ যোহন ১:১-৩ দ্রষ্টব্য।

(খ) লুক ১:৩ দ্রষ্টব্য।

(গ) ‘রোম’ নগরীর নামের উল্লেখ না থাকায় অনুমান করা যায়, তালিকার রচয়িতা নিজেরই নগরীর  
 কথা বলছেন, অর্থাৎ তিনি ছিলেন রোম-বাসী।

47. se est ad nobis disputari cum ipse beatus  
 48. apostolus paulus sequens prodecessoris sui  
 49. iohannis ordine non nisi nominati sempte  
 50. ecclesiis scribat ordine tali a corenthios  
 51. prima ad efesius secunda ad philippinses ter  
 52. tia ad colosensis quarta ad calatas quin  
 53. ta ad tensaolenecinsis sexta ad romanos  
 54. septima verum corintheis et thesaolecen  
 55. sibus licet pro correbtione iteretur una  
 56. tamen per omnem orbem terrae ecclesia  
 57. deffusa esse denoscitur et iohannis eni in a  
 58. pocalebsy licet septe eccleseis scribat  
 59. tamen omnibus dicit veru ad filemonem una  
 60. et at titu una et ad tymotheu duas pro affec  
 61. to et dilectione in honore tamen eclesiae ca  
 62. tholice in ordinatione eclesiastice  
 63. discipline scificate sunt fertur etiam ad  
 64. laudecenses alia ad alexandrinus pauli no  
 65. mine fincte ad heresem marcionis et alia plu  
 66. ra quae in catholicam ecclesiam recepi non  
 67. potest fel enim cum melle misceri non con  
 68. cruit epistola sane iude et superscriptio  
 69. iohannis duas in catholica habentur et sapi  
 70. entia ab amicis salomonis in honore ipsius  
 71. scripta apocalapse etiam iohanis et pe  
 72. tri tantum recipimus quam quidam ex nos  
 73 a. tris legi in ecclesia nolunt

- (৪৭) এক একটা করেই পত্রগুলোর বিষয়ে আলোচনা করা একান্ত প্রয়োজন, কেননা ধন্য
- (৪৮) প্রেরিতদূত পল নিজেই তাঁর অগ্রবর্তী যোহনকে অনুসরণ ক'রে
- (৪৯-৫০) কেবল সাতটি মণ্ডলীর কাছে তাদের নাম উল্লেখ করে লেখেন এই অনুক্রম অনুসারে : এক : করিন্থীয়দের কাছে ;
- (৫১) দুই : এফেসীয়দের কাছে ; তিন : ফিলিপ্পীয়দের কাছে ;
- (৫২) চার : কলসীয়দের কাছে ; পাঁচ : গালাতীয়দের কাছে ;
- (৫৩) ছয় : থেসালোনিকীয়দের কাছে ; সাত : রোমীয়দের কাছে ।
- (৫৪-৫৫) সতর্কবাণী দেবার খাতিরে তিনি যে করিন্থীয়দের ও থেসালোনিকীয়দের কাছে আর একবার লেখেন একথা সত্য,
- (৫৬-৫৭) কিন্তু তবুও স্পষ্টভাবেই বুঝা যায় যে একটিমাত্র মণ্ডলী আছে যা সারা পৃথিবী জুড়ে পরিব্যাপ্ত । কেননা যোহনও
- (৫৮) 'প্রত্যাদেশ' [পুস্তকে] যদিও সাতটি মণ্ডলীর কাছে লেখেন,
- (৫৯-৬১) তবু সকলকেই উদ্দেশ করে কথা বলেন । তাছাড়া, স্নেহ ও ভালবাসার খাতিরে পল ফিলেমনের কাছে একটা, তীতের কাছে একটা, এবং তিমথির কাছে দু'টো পত্র [লিখলেন] ; আর এগুলো
- (৬২-৬৩) মণ্ডলীগত শাসনের লক্ষ্যে সার্বজনীন মণ্ডলীর মতে পবিত্র বলে গণ্য ।
- (৬৪-৬৫) লাওদিকীয়দের কাছে একটা পত্রও আছে, এবং আলেকজান্দ্রিয়া-বাসীদের কাছে আর একটা পত্রও রয়েছে : মার্কিওনের <sup>(ক)</sup> ভ্রাস্তমত সমর্থন করার জন্য দু'টোই পলের নামে লেখা জাল-পত্র ; আর আরও কতগুলো পত্রও রয়েছে
- (৬৬) যেগুলো সার্বজনীন মণ্ডলীতে গৃহীত হতে পারে না,
- (৬৭) কেননা মধুর সঙ্গে পিত্তি মেশানো আদৌ মানায় না ।
- (৬৮-৬৯) তাছাড়া, যুদের পত্র এবং উপরোল্লিখিত যোহনের দু'টো পত্রও সার্বজনীন [মণ্ডলীতে] গণ্য হয় ।
- প্রজ্ঞা [পুস্তক]ও রয়েছে
- (৭০) যা সলোমনের সম্মানার্থে তাঁর বন্ধুদের দ্বারা লেখা ।
- (৭১) আমরা কেবল যোহনের ও পিতরেরই প্রত্যাদেশ গ্রহণ করি,
- (৭২-৭৩ক) যদিও আমাদের মধ্যে কয়েকজন দ্বিতীয়টাকে জনমণ্ডলীতে পাঠ করতে সম্মত নয় ।

(ক) মার্কিওন ছিল সেকালের একজন ভ্রাস্তমত-পন্থী । তার কথা সাধু পলিকার্ণের সাক্ষ্যমরণ বৃত্তান্তেও উল্লিখিত (পলিকার্ণের সাক্ষ্যমরণ, ২০), সাধু ইরেনেউসের লেখায়ও উল্লিখিত (মস্কো-স্থিত পাণ্ডুলিপি, পৃঃ ১১৪ দ্রঃ) ।

- 73 b. pastorem vero  
74. nuperrim e temporibus nostris in urbe  
75. roma herma conscripsit sedente cathe  
76. tra urbis romae aecclesiae pio eps fratre  
77. eius et ideo legi eum quide oportet se pu  
78. blicare vero in eclesia populo neque inter  
79. profetas completum numero neque inter  
80. apostolos in fine temporum potest  
81. arsinoi autem seu valentini vel mitiadis  
82. nihil in totum recipemus qui etiam novu  
83. psalmorum librum marcioni conscripse  
84. runt una cum basilide assianom catafry  
85. cum constitutorem ...



- (৭৩খ-৭৬) আসলে, রোম নগরীতে সম্প্রতিকালে, আমাদের এই বর্তমানকালেই, হের্মাস<sup>(ক)</sup> ‘পালক’ পুস্তকটি লিখলেন; তিনি তাঁর ভাই সেই বিশপ পিউস<sup>(খ)</sup> রোম নগরীর মণ্ডলীর আসনের অধিকারী হওয়ার সময়েই তা লিখলেন;
- (৭৭) এজন্য পুস্তকটি অবশ্যই পাঠ করা উচিত, কিন্তু
- (৭৮-৭৯) জনমণ্ডলীতে তা প্রকাশ্যে নবীদের [লেখার] মধ্যেও পাঠ করা যায় না যেহেতু নবীদের সংখ্যা পূর্ণ, প্রেরিতদূতদের [লেখার] মধ্যেও নয়
- (৮০) যেহেতু পুস্তকটি তাঁদের কালের পরবর্তী লেখা।
- (৮১) আমরা কিন্তু আর্সিনুসের<sup>(গ)</sup> কিংবা ভালেস্তিনুসের বা মিস্তিয়াদেসের লেখা থেকে
- (৮২) আদৌ কিছুই গ্রহণ করি না; এরা
- (৮৩-৮৫) কাতাফ্রিজীয়দের প্রতিষ্ঠাতা এশিয়া-জাত বাসিলিদেসের সঙ্গে মার্কিওনের জন্য নতুন এক সামসঙ্গীত-পুস্তকও লিখল ...<sup>(ঘ)</sup>

---

(ক) হের্মাস-লিখিত ‘পালক’ পুস্তক মণ্ডলীর পিতৃগণের অন্তর্ভুক্ত লেখা।

(খ) রোমের বিশপ পিউসের নামের উল্লেখ থাকায় অনুমান করা যেতে পারে, তালিকাটি বিশপ পিউসের কিছু সময়ের পরেই (‘সম্প্রতিকাল’ দ্রষ্টব্য!) লেখা হয়েছিল।

(গ) মার্কিওনের মত আর্সিনুস, ভালেস্তিনুস, মিস্তিয়াদেস ও বাসিলিদেস ছিল সেকালের ভ্রান্তমত-পন্থী।

(ঘ) এইখানে লেখার আকস্মিক সমাপ্তি।